

## চমেক অধ্যক্ষের পদ শূন্য

চট্টগ্রাম ব্যুরো

১২ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১২ জানুয়ারি ২০২১ ০০:২২

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

চট্টগ্রাম মেডিক্যাল কলেজের (চমেক) অধ্যক্ষের পদ শূন্য থাকার কারণে কলেজের ৩২৮ চিকিৎসক ও কর্মকর্তা-কর্মচারী ডিসেম্বরের বেতন পাননি। চাকরির মেয়াদ শেষ হওয়ায় গত ১৬ নভেম্বর অবসরে যান চমেক অধ্যক্ষ। এর পর এক মাসের বেশি সময় ধরে শূন্য রয়েছে গুরুত্বপূর্ণ পদটি। সংশ্লিষ্টরা বলছেন, স্থায়ী অধ্যক্ষ না থাকায় এ সমস্যার সমাধান মিলছে না।

জানা যায়, গত বছরের ১৬ নভেম্বর স্বেচ্ছায় অবসরে যান চমেক হাসপাতালের অধ্যক্ষ অধ্যাপক ডা. শামীম হাসান। পদ শূন্য হওয়ায় রুটিন দায়িত্ব পালন করছেন উপাধ্যক্ষ অধ্যাপক ডা. নাসির উদ্দিন মাহমুদ। ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করলেও আর্থিক সংশ্লিষ্ট কোনো বিষয়ে সিদ্ধান্ত নিতে পারছেন না তিনি। তাই গত ডিসেম্বরে মেডিক্যাল কলেজের মোট ৩২৮ জন চিকিৎসক ও কর্মকর্তা বেতন-ভাতা পাননি।

চমেকের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক ডা. নাসির উদ্দিন মাহমুদ বলেন, আমাকে রুটিন দায়িত্ব পালনের জন্য আদেশ দেওয়া হয়েছে। বেতনসহ অর্থনৈতিক কাজের ক্ষমতা দেওয়া হয়নি। এই ক্ষমতা দিতে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে একটি প্রজ্ঞাপন জারি করতে হয়। সেই প্রজ্ঞাপন এখনো জারি হয়নি। তিনি বলেন, এ বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য ইতোমধ্যে স্বাস্থ্য অধিদপ্তরে চিঠি দেওয়া হয়েছে। আশা করছি, শিগগিরই সংকটের সমাধান হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy